



স্মারক নং-০৫.৫০.১০২০.০০০.০৫.০১৬.২২. ২০২২ (৬০)

তারিখঃ ০৭ ফাল্গুন ১৪২৮ বা.  
২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.

বিষয় : 'জন্ম ও মৃত্যু নিবন্ধনের সাপ্তাহিক লক্ষ্যমাত্রা নির্ধারণ ও জোরদারকরণ।

বগুড়া সদর উপজেলার শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে ২০/০২/২০২২ খ্রি. তারিখে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবগণ সমন্বয়ে অনুষ্ঠিত আলোচনা সভায় নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনা ও গৃহীত কার্যক্রম	বাস্তবায়নে
১	২০২৪ সালের মধ্যে শতভাগ জন্ম নিবন্ধন এবং পঞ্চাশ শতাংশ মৃত্যু নিবন্ধন করার অঙ্গীকার করা হয়েছে। 'জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন-২০০৪ (সংশোধিত ২০১৩)' এর ধারা ৮ অনুসারে শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন এবং কোনো ব্যক্তির মৃত্যুর ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধন করার বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু বগুড়া সদর উপজেলায় জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার আশানুরূপ নয়। ব্যক্তির জন্ম নিবন্ধনের পাশাপাশি তার মৃত্যুও নিবন্ধিত হওয়া আবশ্যিক। জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিষয়ে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধি করতে হবে।	ইউপি চেয়ারম্যান/সদস্য/ সচিবগণ
২	স্বাস্থ্য বিভাগ ও পরিবার পরিকল্পনা বিভাগের ইউনিয়ন পর্যায়ে মাঠকর্মীগণ সপ্তাহে ১দিন ইউনিয়ন পরিষদে গিয়ে ইউনিয়নের শিশু ভূমিষ্ঠ হওয়ার সম্ভাব্য তারিখ ও গর্ভবতী মায়ের ঠিকানা সম্বলিত তথ্য প্রদান করবেন। উক্ত তথ্যের ভিত্তিতে ইউপি সচিব জন্ম নিবন্ধনের কার্যক্রম গ্রহণ করবেন।	উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার/ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার/ ইউপি চেয়ারম্যান /সচিবগণ
৩	জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সফলতা অর্জনের লক্ষ্যে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য ইউ,পি চেয়ারম্যান, সদস্য, ও ইউ, পি সচিব সহ সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।	ইউপি চেয়ারম্যান/ সদস্য/ সচিবগণ

- উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার  
বগুড়া সদর, বগুড়া
- উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার  
বগুড়া সদর, বগুড়া
- চেয়ারম্যান  
.....ইউপি, বগুড়া সদর, বগুড়া
- সচিব  
.....ইউপি, বগুড়া সদর, বগুড়া

(সমর কুমার পাল)  
উপজেলা নির্বাহী অফিসার  
বগুড়া সদর, বগুড়া  
টেলিফোন # ০৫১-৭৮২২৫(অঃ)  
ই-মেইল uno.sadar.bogra@gmail.com

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

- জেলা প্রশাসক, বগুড়া
- উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।